

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৪০৯  
আগরতলা, ৩০ ডিসেম্বর, ২০২৩

### এগিয়ে চলো সংঘের ৩৫ তম শিশু মেলার উদ্বোধন

**শিশুদের সাংস্কৃতিক মনস্ক করে গড়ে তোলার উপর গুরুত্ব দিতে হবে :** মুখ্যমন্ত্রী

শিশুরা হচ্ছে নরম মাটির মত। তাদের যেভাবে গড়ে তুলা হবে তারা সেভাবেই গড়ে উঠবে। শিশুদের শারীরিক, মানসিক ও সাংস্কৃতিক মনস্ক করে গড়ে তোলার উপর গুরুত্ব দিতে হবে। আজ মেলারমাঠস্থিত এগিয়ে চলো সংঘের ৩৫ তম শিশু মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের জাতি-জনজাতিদের ঐতিহ্যময় মিশ্র সংস্কৃতির পরম্পরা বহন করার দায়িত্ব শিশুদের অর্পন করার ক্ষেত্রে ক্লাবগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, এগিয়ে চলো সংঘ প্রতি বছরের মতো এবছরও শিশু মেলার আয়োজন করেছে। শিশু মেলার মাধ্যমে এগিয়ে চলো সংঘ শিশুদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের মঞ্চ তৈরি করে দিচ্ছে। রাজ্যের অন্যান্য ক্লাবগুলিকে শিশুদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশে এগিয়ে আসতে হবে। পাশাপাশি ক্লাবগুলিকে সমাজের জন্য ভালো চিন্তাভাবনা নিয়ে কাজ করতে হবে।

অনুষ্ঠানে কর্পোরেটর জাহ্নবী দাস চৌধুরী বলেন, শিশুমেলায় শিশুরা নিজের মতো করে আনন্দে মেতে উঠে। বর্তমান সময়ে এটা খুবই প্রয়োজন। শিশুদের সাংস্কৃতিক কর্মকাণ্ডের সঙ্গে জড়িয়ে রাখতে অভিভাবকদেরকেও সচেষ্ট থাকতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ৩৫ তম শিশু মেলা কমিটির আহ্বায়ক গৌতম রায়। অনুষ্ঠান শুরুর পূর্বে শিশুদের নিয়ে এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়।

\*\*\*\*\*